# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৩০. দাসত্ব মোচন

আল্লাহ সুবহানাহু তা'আলা বলেন,

فَلَا اقْتَحَمَ الْعَقَبَةَ * وَمَا أَدْرَاكَ مَا الْعَقَبَةُ * فَكُّ رَقَبَةٍ

‘কিন্তু সেই দুর্গম-বন্ধুর ঘাটিপথ অতিক্রম করার সাহস করেনি। আপনি কি জানেন সেই দুর্গম-বন্ধুর ঘটিপথ কী? কোনো ঘাড় হতে দাসত্বের শৃঙ্খল মুক্ত করা।[১]

সহীহ্ আল বুখারী ও সহীহ মুসলিমে আবু হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত এক হাদীসে বলা হয়েছে, রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন,

من اعتق رقبة أعتق الله بكل عضو منها عضوا من أعضائه من النار حتى فرجه بفرجه

‘যে ব্যক্তি কোনো ক্রীতদাসকে মুক্ত করে দেবে সেই ক্রীতদাসের প্রতিটি অঙ্গের বিনিময়ে আল্লাহ্ মুক্তিদাতার প্রতিটি অঙ্গকে জাহান্নামের আগুন থেকে হিফাযত করবেন। এমনকি লজ্জাস্থানের বিনিময়ে তার লজ্জাস্থানও।[২]

## ফুটনোট

[১]. সূরা আল বালাদ, আয়াত : ১১, ১২, ১৩।

[২]. সহীহ আল বুখারী, গোলাম আযাদ অধ্যায়, গোলাম আযাদের ফযীলত’ শিরোনাম; সহীহ মুসলিম, দাস মুক্তি অধ্যায় (হাদীস-৩৬৫৪)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12328

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন